5

দৈনিক সংবাদ

তারিখ ... 07.AUG 199* ...
পৃষ্ঠা 7 কলাম 4 ......

# বুয়েটে ১৩ শিক্ষককে কাজে যোগ দিতে চিঠি

(বুয়েট সংবাদদাতা)

স্থাপত্য বিভাগের অব্যাহতি প্রাপ্ত ১৩ জন শিক্ষককে কাজে যোগদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল বৃহস্পতিবার চিঠি পাঠিয়েছেন।

১৩ জন শিক্ষকের কাছে প্রেরিত বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত

বুয়েট ঃ পৃঃ ১১ কঃ ৬

## বুয়েট ঃ চিঠি

( ১ম পৃষ্ঠার পর )

চিঠিতে বলা হয়েছে, আপনি ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, আইন শৃংখলা মেনে চলবেন এবং গত ১৫ই মার্চের পদত্যাগপত্র গ্রহণের পর থেকে পুনরায় কাজে যোগদান করা পর্যন্ত এই ৫ মাসের বেতন এবং অন্যান্য ভাতা হতে বঞ্চিত থাকবেন। চিঠিতে আরও বলা হয়েছে, এ দু' শর্তে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পদে আগামী ৭ দিনের মধ্যে কাজে যোগদান করার জন্য আপনাকে অনুরোধ করা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক অব্যাহতিপ্রাপ্ত একজন শিক্ষক জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃক পাঠানো নিয়োগপত্রে একটি অতিরিক্ত চিঠিও পাঠানো হয়েছে। অতিরিক্ত চিঠিতে স্থাপত্য বিভাগের ১৩ জন শিক্ষককে বিভিন্ন অভিযোগে অভিযুক্ত করে বলা হয়েছে, উক্ত শিক্ষকগণ বিভিন্ন সময়ে বিভিন্ন আন্দোলনে জড়িত থাকা, স্থাপত্য ছাত্রছাত্রীদেরকে আন্দোলনে সম্পৃক্ত করা এবং শিক্ষা কার্যক্রম ব্যাহত করা– এ সব বিষয়ে জড়িত ছিলেন।

ভবিষ্যতে এসব-কার্যক্রমলিপ্ত না হওয়ার জন্য চিঠিতে অনুরোধ করা হয়েছে।

গতকাল পর্যন্ত অব্যাহতিপ্রাপ্ত শিক্ষকদের মধ্যে অনেকেই বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের চিঠি পেয়েছেন। বাকিরা আগামী ২/৩ দিনের মধ্যে পাবেন বলে জানা গেছে। কর্তৃপক্ষের চিঠি এমন একজন অব্যাহতিপ্রাপ্ত শিক্ষক জানান, নিয়োগপত্রের সাথে সংযোজিত অভিযোগপত্রটি অপমানজনক। এতে আমাদেরকে এককভাবে অভিযুক্ত করা হয়েছে। তিনি আরও জানান, স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষার ব্যাপারে আমরা আন্দোলন করিনি। কর্তৃপক্ষের সিদ্ধান্তের প্রতিবাদ করেছি মাত্র। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান করার আগে ১৩ জন শিক্ষককে নিয়ে আলোচনা করতে হবে এবং সিদ্ধান্ত গ্রহণ করা হবে।